সংবাদ

তারিখ ...... 3 JUL 2003
পৃষ্ঠা ... ... 2 কলাম ... ... 5

ছাত্রলীগের সাংবাদিক সম্মেলন

# ঢা.বি বাজেটে ছাত্রদের স্বার্থ রক্ষিত হয়নি

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি দেলোয়ার হোসেন বলেছে, বিশ্ববিদ্যালয়ে যে বাজেট ঘোষণা করা হয়েছে তাতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের স্বার্থ সংরক্ষণ করা হয়নি। বাজেটে মূলত শিক্ষকদের স্বার্থ সংরক্ষণ করা হয়েছে। গতকাল ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ডাকসু ভবনে বিশ্ববিদ্যালয় ঘোষিত বাজেটের প্রতিবাদে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছাত্রলীগ ঢা.বি শাখার সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দিন হিমু, সহ-সভাপতি সাগর হালদার, শাহদত হোসেন সুজন, যুগ্ম-সম্পাদক অর্পণা পাল, সাংগঠনিক সম্পাদক মোকাব্বল হোসেন মিন্টন, প্রচার সম্পাদক আশরাফুর রহমান, দপ্তর সম্পাদক নাসিম আল-মোমিন রূপক প্রমুখ।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে ঢা.বি ছাত্রলীগের সভাপতি দেলোয়ার হোসেন বলেন, বাজেটে ছাত্র বেতন বাড়ানো হয়নি ঠিকই কিন্তু বাজেটের মাত্র শতকরা ১২ ভাগ ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দ দেয়া হয়েছে, যা ছাত্রীছাত্রীদের মেধাবিকাশের অন্তরায়। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীরা বর্তমানে পরিবহন সমস্যা ও আবাসন সমস্যায় ভুগছে: কিন্তু বাজেটে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নতুন বাস ক্রয় ও আবাসন সমস্যা সমাধানের জন্য নতুন হল নির্মাণ করার পরিকল্পনা না করে শিক্ষকদের জন্য ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনায় ব্যস্ত।

সংবাদ সম্মেলনে ঢা.বি ছাত্রলীগ আগামী ৬ই জুলাই বাজেটের প্রতিবাদে ভিসি অফিস ঘেরাও এবং ভিসি বরাবর স্মারকলিপি পেশের কর্মসূচি ঘোষণা করেছে।